কবিতা/গল্প প্রকাশ

নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 MAY 2026 ,SUNDAY | ২৪ মে ২০২৬ ,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-171

## জলদাপাড়ার নতুন পাড়া গ্রামে ঢুকলো জল




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** ভুটান পাহাড়ে বৃষ্টি ও এলাকায় ভারী বৃষ্টি দরুন আলিপুরদুয়ার এক ব্লকে জলদাপাড়া নতুনপাড়া গ্রামে গতকাল রাত থেকে শিশামাড়া নদীর জল প্রবেশ করেছে যদিও আজ বৃষ্টি না থাকায় জল কমতে শুরু করেছে। প্রশাসন পক্ষ থেকে এলাকাবাসীকে সতর্ক থাকতে বলা হয়েছে আবার ভারী বৃষ্টি হলে নদী সংলগ্ন নতুনপাড়া এলাকা প্লাবিত হতে পারে। এলাকার লাল্টুরাম হাই স্কুলে ফ্লাড সেণ্টার খোলা হয়েছে বৃষ্টিপাত হলে জল বৃদ্ধি পেলে নতুনপাড়া বাসিন্দাদের ফ্লাড সেণ্টারে আনা হবে। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে প্রায় এক বছর আগে বাঁধ ভাঙ্গার পর নতুন করে আবার বাঁধ নির্মাণের কথা দিয়েছিলেন প্রশাসনিক কোর্তা থেকে শুরু করে রাজনৈতিক দলের নেতারা। প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও পাথরের বাঁধ তৈরি হয়নি আর এর ফলে ভোগান্তির শিকার হচ্ছেন সাধারণ বাসিন্দারা।

## বিশ্ববাংলা লোগো নিয়ে বিতর্ক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** মমতা ব্যানার্জির সরকার নাই কিন্তু এখনো মমতা ব্যানার্জির আমলের বিশ্ববাংলা লোগো লাগানো টিকিটের উপর প্রেসক্রিপশন করছেন ডাক্তাররা আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে এমনটাই দেখা গেল শনিবার। আর এই নিয়ে বিতর্ক শুরু হয়েছে। শুধু ডাক্তারের লেখা প্রেসক্রিপশন নয় বিশ্ব বাংলা লোগো দেখা যাচ্ছে অনেক সরকারি অফিসেও। সরকারের পরিবর্তন হয়েছে কিন্তু পুরাতন সরকারের লোগো এখনো রয়েছে সরকারি হাসপাতাল থেকে সাইনবোর্ডে।

## জুলাই মাসে আয়ুষ্মান কার্ড সহ সার্ভাইক্যাল ক্যান্সার প্রতিরোধে টিকাকরণ ,ঘোষণা মুখ্যমন্ত্রীর



**এই যুগ ,হাওড়া ,২৩ মে :** পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থার পরিকাঠামোর উন্নতির জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে শনিবার হাওড়ার নবান্নে বৈঠক করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিনের বৈঠকের পর নবান্নে সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান , জুলাই মাস থেকে আয়ুষ্মান ভারত কার্ড দেওয়া শুরু হবে। স্বাস্থ্যসাথী কার্ডের সঙ্গে যুক্ত ৬ কোটির বেশি উপভোক্তাদের আয়ুষ্মান কার্ড দেওয়া হবে। এছাড়া যাদের স্বাস্থ্যসাথী কার্ড নেই ,তাদের কেও ধাপে ধাপে আয়ুষ্মান প্রকল্পের সঙ্গে যুক্ত করা হবে। এছাড়াও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ঘোষণা করেন, ৩০ মে থেকে রাজ্যে সার্ভাইক্যাল ক্যান্সার প্রতিরোধমূলক টিকাকরণ দেবার কাজ শুরু হবে। রাজ্যে ৭ লক্ষের বেশি নাবালিকাকে এই টিকা দেওয়া হবে। বিধাননগর মহকুমা হাসপাতালে সার্ভাইক্যাল ক্যান্সার প্রতিরোধমূলক টিকাকরণ কর্মসূচি শুরু হবে । আগের তৃণমূল সরকার কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত কার্ড এ রাজ্যে চালু করতে না দিয়ে স্বাস্থ্য সাথী চালু করে। যদিও স্বাস্থ্য সাথী তে চিকিৎসা করাতে গিয়ে চরম ভোগান্তি তে পড়তে হয় রোগী দের। স্বাস্থ্য সাথী প্রকল্পে মানুষের চিকিৎসা ক্ষেত্রে উপকার এর বদলে চরম ক্ষতি হয়েছে। এবার কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত কার্ড চালু হওয়ায় খবরে স্বস্তিতে পশ্চিমবঙ্গবাসী ।

## জলমগ্ন জয়গাঁ এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** ভুটান পাহাড় ও এলাকায় বৃষ্টির কারণে জয়গাঁ এক গ্রাম পঞ্চায়েতের খারখোলা নদী ভয়াবহ রূপ ধারণ করেছে। খারখোলা নদীর জল গতকাল রাত থেকেই প্রবেশ করতে শুরু করে বৈরবাড়ি গ্রামে। এছাড়াও জয়গাঁ এক গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় ঢুকছে নদীর জল।আতঙ্কে এলাকাবাসীরা।এই পরিস্থিতির খবর পেয়ে সেচ দপ্তরের আধিকারিকদের নিয়ে এলাকা পরিদর্শনে যান কালচিনির বিধায়ক বিশাল লামা। বৃষ্টি ভারি মাত্রায় হলেই এই এলাকায় এই পরিস্থিতি দেখা যায়। ঘর ছেড়ে বাইরে বেরিয়ে যান বাসিন্দারা। ঘর থেকে শুরু করে সুপারি বাগান সব ক্ষতিগ্রস্থ হয় এলাকার।জানা গিয়েছে সেচ দপ্তরের পক্ষ থেকে নদীর ড্রেজিং-এর কাজ শনিবার থেকে শুরু হবে।

# তুরতুরি নদীতে জল বেড়ে যায় পাহাড়ের বৃষ্টির দরুণ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** পাহাড়ী ঢলের জেরে ফুলে ফেঁপে উঠেছে উত্তরবঙ্গের একাধিক নদী। ভুটান ও জয়ন্তী পাহাড় থেকে নেমে আসা জলে ভয়ঙ্কর রূপ নিয়েছে তুরতুরি নদী। আর সেই উত্তাল নদীর উপর ভাঙা বাঁশের সাঁকো দিয়েই জীবনের ঝুঁকি নিয়ে পারাপার করছেন স্থানীয় যুবক-যুবতী ও সাধারণ মানুষ।কুমারগ্রাম বিধানসভার তুরতুরি অঞ্চলের অন্তর্গত দামসিবাদ এলাকার বাসিন্দাদের দাবি, প্রতি বর্ষাতেই এই দুর্ভোগ চরম আকার নেয়। নেই কোনো পাকা সেতু, ফলে বাজারে যাওয়া থেকে শুরু করে অফিসিয়াল কাজ, ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে যাতায়াত—সবকিছুর জন্যই নদী পার হওয়া ছাড়া আর কোনো উপায় থাকে না। বর্ষার শুরুতেই এমন পরিস্থিতি তৈরি হওয়ায় পুরো বর্ষাকাল কীভাবে কাটবে তা নিয়ে আতঙ্কে রয়েছেন এলাকাবাসী।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, স্বাধীনতার পর থেকে একই সমস্যার সম্মুখীন হচ্ছেন তারা। বছরের পর বছর প্রশাসনের বিভিন্ন দপ্তরে লিখিত অভিযোগ জানানো হলেও কোনো স্থায়ী সমাধান মেলেনি। সরকার বদলেছে, নেতারা এসেছেন, প্রতিশ্রুতিও মিলেছে, কিন্তু আজও তৈরি হয়নি একটি পাকা সেতু।দীর্ঘদিন ধরে বিভিন্ন দপ্তরে এই এলাকার পাকা সেতুর দাবিতে দৌড়ঝাঁপ করেছেন এলাকার বাসিন্দারা। সম্প্রতি তারা কুমারগ্রামের বিধায়ক মনোজ ওরাও-এর দৃষ্টি আকর্ষণ করেছেন। তাদের আশা, বিষয়টি বিধায়কের নজরে এলে তিনি অবশ্যই উদ্যোগ নেবেন। পাশাপাশি আগামী দিনে লিখিতভাবেও বিধায়কের কাছে এলাকার সমস্যার কথা তুলে ধরবেন বলেও জানিয়েছেন তারা।

# কাঠবেড়ালি এবং পাখি হত্যার অভিযোগে আটক ৫



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** বন্য পশু পাখি হত্যা আইনত দণ্ডনীয় অপরাধ তবুও বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল থেকে প্রতিনিয়ত হত্যা করা হচ্ছে পশুপাখি। বক্সা ব্যাঘ্র প্রকল্পের ছিপড়া জঙ্গল থেকে কাঠ বেড়ালি এবং পাখি মেরে বাড়ি ফেরার পথে বেশ কয়েকজনকে আটক করেছে কামাখ্যাগুড়ি এলাকার এক পাখি প্রেমী। তার কাছ থেকে জানা গেছে নয় জনের একটি পাখি এবং পশু মারার দলকে দেখতে পেয়ে তাদের মধ্যে পাঁচজনকে আটক করে বনদপ্তরের কর্মীদের হাতে তুলে দেয়। বক্সার জঙ্গল থেকে গাছ কাটার পাশাপাশি পশুপাখি হত্যা চলছে অনবরত । প্রশাসনিক উদাসীনতায় প্রতিনিয়ত চলছে এই পশু পাখি হত্যা জঙ্গলে ঢুকে। চোরাই কাঠ ব্যবসায়ীদের দৌরাত্মে জঙ্গল কেটেস পরিষ্কার হয়ে গেছে তৃণমূল সরকারের আমলে। সরকারের পরিবর্তন হয়েছে কিন্তু বনদপ্তরের কর্মচারীরা এখনো পরিবর্তন হয়নি তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিল বেসরকারি সংগঠনের কর্মকর্তা পাঁচজনকে মৃত পশু পাখি সহ আটক করে। কবে বন্ধ হবে জঙ্গলে ঢুকে এই পশু পাখি হত্যা ? কি ব্যবস্থা নেওয়া হবে এই সমস্ত যুবকদের বিরুদ্ধে ? সেটাই দেখার বিষয়।

# ৪৫ বছরের চাষ করা জমি হাতিয়ে নিল তৃণমূল নেতা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** এক নিরীহ ব্যক্তির জমি হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে শামুকতলা থানার ডাংগি এলাকার তৃণমূল নেতা নারায়ণ দাস এবং তার শ্যালকের বিরুদ্ধে। সুদর্শন বর্মন এর ভাইকে সঙ্গে নিয়ে তৃণমূলের দুই নেতা ৫ বিঘা জমি তাদের নামে নিয়ে নিয়েছেন এমনটাই অভিযোগ। সুদর্শন বর্মন লিখিত অভিযোগে জানিয়েছেন ৪৫ বছর যাবত চাষ করে খাচ্ছেন। বিষয়টি নিয়ে তিনি সামন্ত লেখা নাই লিখিত অভিযোগ দায়ের করেছেন এবং লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ তদন্ত শুরু করেছে। একের পর এক অভিযোগ জমা পড়ছে শামুকতলা থানার পুলিশের কাছে নারায়ন দাসকে নিয়ে। চাকরি দেবার নাম করে এক লক্ষ কুড়ি হাজার টাকা নিয়েছিলেন তিনি। চা সুন্দরী প্রকল্পে ঘর পাওয়ার পরেই নিরীহ ব্যক্তিদের কাছে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে নারায়ন দাস এবং তার শাশুড়ি লক্ষ্মী দেবনাথ এলাকার তৃণমূল নেতা তপন দেবনাথ সহ আরো অনেকের বিরুদ্ধেই। শামুকতলা থানার ডাঙ্গী এলাকায় প্রতিনিয়ত মারপিট দাঙ্গা হাঙ্গামা চলছেই রীতিমতো পুলিশকে হিমশিম খেতে হচ্ছে ডাঙ্গী এলাকা নিয়ে। প্রতিনিয়ত পুলিশ থেকে শুরু করে কেন্দ্রীয় বাহিনীকে দাঁড়িয়ে থাকতে দেখা যাচ্ছে ডাঙ্গী এলাকায়। আগামী দিনে হয়তো ডাংগি এলাকাতে পুলিশ ফাঁড়ি বসানো হতে পারে এমন কথাও শোনা যাচ্ছে নেটিজনদের কাছ থেকে।

# শিক্ষার মান বদলে যাবে ,আলিপুরদুয়ারে বললেন সাংসদ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** আলিপুরদুয়ার জেলার শিক্ষক কমিটির পক্ষ থেকে পরিচিতি পর্ব এবং নবনির্বাচিত বিধায়কদের সম্বর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হলো আলিপুরদুয়ার পৌরসভা হলে এমনটাই জানা গেছে শনিবার বিকেল পাঁচটা নাগাদ। নবনির্বাচিত বিধায়ক সহ বিজেপির সাংসদ মনোজ টিগ্গা এবং সংগঠনের নেতৃত্বরা উপস্থিত ছিলেন এদিনের সংবর্ধনা সভায়। তৃণমূল সরকারের আমলে বেহাল পরিস্থিতি হয়ে গিয়েছিল শিক্ষা দপ্তরের। স্কুল-কলেজের শিক্ষার মান অনেকটাই পরিবর্তন হবে বর্তমান সরকারের আমলে এমনটাই বলছেন তারা। আলিপুরদুয়ার জেলার প্রাথমিক মাধ্যমিক সহ উচ্চ মাধ্যমিক স্কুল গুলিতে পঠন পাঠনের উন্নয়ন করার পাশাপাশি ছাত্র-শিক্ষক সম্পর্ক আরো সুমধুর করার পরিকল্পনার কথা জানিয়েছেন শিক্ষক মহল।

# ভেঙে যাওয়া সেতুর একাংশের মেরামতির কাজ চলছে জোরকদমে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** হলং নদীর উপর জলের তোড়ে ক্ষতিগ্রস্থ কাঠের সেতুর একাংশ মেরামতি কাজ চলছে দ্রুত গতিতে। জলদাপাড়া টুরিস্ট লজে আটকে পড়া পর্যটকরা কোনরকমে পার হচ্ছেন সেতু। শুক্রবার সন্ধ্যার পর থেকে ভারি বৃষ্টিপাতের কারণে মাদারিহাট ও জলদাপাড়া টুরিস্ট লজ সংযোগকারী এই সেতুর ওপর দিয়ে বইতে থাকে হলং নদীর জল। এক সময় ভেঙে পড়ে সেতুর এক অংশ। বৃষ্টি একটু কমায় জল কিছুটা নেমেছে হলং নদীর। তারপর থেকেই পায়ে হেঁটে টুরিস্ট লজ থেকে বেরিয়ে আসছেন কর্মী থেকে শুরু করে পর্যটকরা। মাদারিহাট থেকে জলদাপাড়া টুরিস্ট লজ যাওয়ার জন্য হলং নদীতে অস্থায়ী কাঠের সেতু রয়েছে।এই বিষয়ে উল্লেখ্য গত বছর বন্যায় হলং সেতুর কাঠের সেতু ভেঙ্গে যায় পরবর্তীতে হলং নদীতে অস্থায়ী কাঠের সেতু তৈরি হয়।শুক্রবার সন্ধ্যা থেকে এলাকায় ভারী বৃষ্টিপাত হচ্ছে আর এর জেরে ফুলেফেঁপে হলং নদী। হলং নদীর ওপারে রয়েছে জলদাপাড়া টুরিস্ট লজ, জলদাপাড়া বনদফতর কার্যালয় এছাড়া বনকর্মীদের আবাসন রয়েছে। তবে বৃষ্টি কমায় হলং নদীর রূপ বর্তমানে শান্ত। ভেঙে যাওয়া সেতুর একাংশের মেরামতির কাজ চলছে জোরকদমে।"

# ঈদ নিয়ে সর্বদলীয় বৈঠক শামুকতলায় ,উপস্থিত বিডিও



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ মে :** আসন্ন ঈদের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য সর্বদলীয় বৈঠকের আয়োজন করেছেন শামুকতলা থানার পুলিশ। পুলিশের পাশাপাশি উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার দুই ব্লকের বিডিও সন্দীপ ঘোষ। ঈদ নিয়ে সর্বদলীয় বৈঠক হলো আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার শামুকতলা আশা ভবনে। বৈঠকে উপস্থিত ছিলেন শামুকতলা থানা এলাকার বিভিন্ন মসজিদের ইমামের পাশাপাশি রাজনৈতিক দলের নেতৃত্বরা এবং বিশ্ব হিন্দু পরিষদের নেতৃত্বরা। আলিপুরদুয়ার ২ ব্লকের বিডিও সন্দীপ ঘোষ জানিয়েছেন শান্তিপূর্ণভাবে ঈদ পালন করার পাশাপাশি মাইক ব্যবহার নিয়েও সতর্ক বার্তা দেওয়া হয়েছে মসজিদ কমিটি গুলিকে। গো হত্যা নিয়ে ইমামদের সতর্ক করা হয়েছে। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য বিশ্ব হিন্দু পরিষদ থেকে শুরু করে বিজেপির নেতৃত্ব এবং ইমামদের কাছে আবেদন জানিয়েছেন সমষ্টি উন্নয়ন আধিকারিক।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |